

001

**মাধ্যমিক শিক্ষকরা  
নির্বাচনী কাজে  
যাবেন না**

॥ স্টাফ রিপোর্টার ॥

বিরোধী দল বর্জিত বর্তমান অবস্থায় নির্বাচন অনুষ্ঠিত হলে সে নির্বাচন পরিচালনার কাজে অংশগ্রহণে বেসরকারী মাধ্যমিক শিক্ষকগণ তাদের অপারগতা ও অস্বীকৃতির কথা জানিয়েছেন।

গতকাল বুধবার প্রধান নির্বাচন কমিশনারের কাছে এক পত্রে তারা এই অস্বীকৃতির কথা জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি আবদুন নূর চৌধুরী, মহাসচিব শেখ পণ্ডায় ১ম কলামে

**মাধ্যমিক শিক্ষকরা**

প্রথম পৃষ্ঠার পর

নজরুল ইসলাম এবং সহকারী মহাসচিব খলিলুর রহমান ভূঁইয়া বলেছেন, সরকার এবং সকল রাজনৈতিক দল ও পেশাজীবী সংস্থার গ্রহণযোগ্য ফর্মুলায় সকল রাজনৈতিক দলের নির্বাচনে অংশগ্রহণই দেশের বর্তমান রাজনৈতিক সংকটের অবসান হতে পারে। একমাত্র এই পরিবেশ সৃষ্টি হলেই বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমাজ নির্বাচন কর্মকাণ্ডে জড়িত হয়ে ভোট গ্রহণের মত দায়িত্ব পালনের কথা বিবেচনা করবে।

বিবৃতিতে তারা বলেন, দেশের বর্তমান অস্থিতিকর রাজনৈতিক পরিবেশের মধ্যে যে কোন নির্বাচন প্রহসনে পরিণত হতে বাধ্য এবং ভোট গ্রহণকারীদের জীবনের নিরাপত্তাও থাকবে না। গত রাষ্ট্রপতির আস্থা ভোট, সংসদ ও রাষ্ট্রপতি নির্বাচনে শিক্ষক সমাজকে ভোট গ্রহণ কাজে জড়িত করে শিক্ষকগণের সততা, ব্যক্তিত্ব ও চরিত্র হনন করা হয়েছে বলে তারা অভিযোগ করে বলেন— সূচু, অবাধ ও নিরপেক্ষ ভোট গ্রহণের দায়িত্ব পালন করতে দেয়া হয়নি।